গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০৪৪.১০.১০৫.১৭-৫২৫ তারিখ: ০৪/০৫/২০২৫ খ্রিঃ।

বিষয়: **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর সমঝোতা চুক্তি (MOU) নবায়নের শর্ত অনুযায়ী আনসার সদস্য অঙ্গীভূতকরণ প্রসঙ্গে।**

সূত্র: সমঝোতা চুক্তি (MOU) নবায়নের তারিখ- ২৮/০৪/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রপত্র মোতাবেক ২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর এবং সোনালী ব্যাংক পিএলসি এর মধ্যে একটি সমঝোতা চুক্তি (MOU) স্বাক্ষরিত (নবায়ন) হয় (কপি সংযুক্ত)। সে মোতাবেক আপনার আওতাধীন উক্ত ব্যাংকের বিভিন্ন শাখা, উপশাখা, কার্যালয়, এটিএম বুথ, প্লেজ গোডাউন, বিভিন্ন স্থাপনা ও গাড়ি পার্কিং এলাকাসমূহের নিরাপত্তায় মোতায়েনকৃত আনসার গার্ড, নতুন গার্ড স্থাপন, গার্ডের জনবল হ্রাস-বৃদ্ধি ইত্যাদির ক্ষেত্রে সমঝোতা স্মারক (MOU) এর সকল শর্ত অনুসরণ করতে হবে।

২। নতুন গার্ড স্থাপন, জনবল হ্রাস-বৃদ্ধি, সশস্ত্র থেকে নিরস্ত্র এবং নিরস্ত্র থেকে সশস্ত্র করার ক্ষেত্রে সদর দপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্ত: সূত্রপত্র ............ পাতা।

০৪/৫/২৫
মোঃ আব্দুল মজিদ
পরিচালক (অঙ্গীভূতকরণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১। জেলা কমান্ড্যান্ট (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .........................
২। জোন অধিনায়ক (সকল)
........................ মহানগর আনসার, .................................

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০৪৪.১০.১০৫.১৭-৫২৫ তারিখ: ০৪/০৫/২০২৫ খ্রিঃ।

**অনুলিপিঃ**

১. অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২. উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ”
৩. উপমহাপরিচালক/পরিচালক (সকল রেঞ্জ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ............................... — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৪. পরিচালক, ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার, ঢাকা/চট্টগ্রাম। — ”
৫. ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, মানব সম্পদ উন্নয়ন বিভাগ
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা- ১০০০। — ”
৬. উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিজি]
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. আইসিটি শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৮. অফিস কপি/মাস্টার কপি। — সংরক্ষণের জন্য।

০৪/৫/২৫
পরিচালক (অঙ্গীভূতকরণ)

F:\UD Shamima\UD Shamima-MOU\Sonali Bank -\Cerculer.docx

CamScanner
Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গগ ৬৯৫৮১১০

## সমঝোতা স্মারক

পক্ষদ্বয়

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

এবং

সোনালী ব্যাংক পিএলসি

❖ **ভূমিকা:**

আনসার সদস্যদের দ্বারা সোনালী ব্যাংক পিএলসি এর নিরাপত্তা ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা ও সুদৃঢ় করার জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সঙ্গে সোনালী ব্যাংক পিএলসি এর একটি সমঝোতায় উপনীত হওয়া এই সমঝোতা স্মারক (MoU) এর লক্ষ্য। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সংক্ষেপে "আনসার" এবং সোনালী ব্যাংক পিএলসি সংক্ষেপে 'সোনালী ব্যাংক' বলে উল্লেখ করা হলো।

❖ **পটভূমি:**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের বৃহত্তম শৃঙ্খলা বাহিনী, এই বাহিনী প্রায় ৫,৬২৬ (পাঁচ হাজার ছয়শত ছাব্বিশ) টি সরকারী, স্বায়ত্তশাসিত, আধা স্বায়ত্তশাসিত এবং ব্যক্তিমালিকানাধীন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান/ স্থাপনায় গ্রাহকদের চাহিদা মোতাবেক সন্তোষজনকভাবে নিরাপত্তা সেবা দিয়ে আসছে।

অন্যদিকে সোনালী ব্যাংক পিএলসি বাংলাদেশের শতভাগ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। সোনালী ব্যাংক দীর্ঘ দিন যাবত পূর্ণ আস্থার সাথে গ্রাহকদের আমানত সংরক্ষণ, ঋণ সুবিধা প্রদান ও যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। সোনালী ব্যাংক পিএলসি বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানকে অর্থায়ন করছে এবং আমদানী-রপ্তানী ব্যবসায় গুরুত্বপূর্ণ অবদান রেখে মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনসহ সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

উন্নয়ন এবং নিরাপত্তা ইতিবাচকভাবেই পরস্পর সম্পর্কযুক্ত। উন্নয়নকে গতিশীল করতে সোনালী ব্যাংক সহায়ক ভূমিকা পালন করে। ব্যাংক নগদ অর্থ লেনদেন, স্থানান্তর ও বিতরণ করে, যার সুষ্ঠু পরিচালনার জন্য প্রয়োজন নিরাপত্তা। নিরাপদ লেনদেন এবং সম্পদের সুরক্ষা নিশ্চিতকল্পে প্রয়োজন পড়ে প্রশিক্ষিত নিরাপত্তা কর্মীর; যার কারিগর হিসেবে আনসার অন্যতম। আনসার অত্যন্ত অভিজ্ঞ এবং প্রশিক্ষিত বাহিনী যারা সরকার কর্তৃক প্রাধিকৃত অস্ত্র বহন এবং যথাযথ ব্যবহারের অনুমতি প্রাপ্ত। এজন্য সোনালী ব্যাংক পিএলসি নিরাপত্তা সেবার জন্য আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিকট প্রস্তাব করছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এ প্রস্তাবকে সম্মানের সাথে গ্রহণ করে দুই পক্ষ কর্তৃক বিগত ০৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয় যার মেয়াদ ০৫/০৩/২০২১ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। এ প্রেক্ষিতে দুই পক্ষ কর্তৃক গত ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখে একটি সমঝোতা স্মারক (নবায়ন) করা হয়, যার মেয়াদ গত ০৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। ফলে উভয় পক্ষ চুক্তিটি আগামী ০৩ (তিন) বছরের জন্য নবায়ন করতে সম্মত হয়।

❖ **উদ্দেশ্য:**

এ সমঝোতা স্মারক বা Memorandum of Understanding (MoU) অনুযায়ী আনসার সদস্যদেরকে সোনালী ব্যাংক পিএলসি এর চাহিদা অনুযায়ী এর বিভিন্ন শাখা, উপশাখা, কার্যালয়, এটিএম বুথ, প্লেজ গোডাউন, বিভিন্ন স্থাপনা ও গাড়ি পার্কিং এলাকা সমূহের নিরাপত্তার দায়িত্বে মোতায়েন করা হবে। একই সাথে সোনালী ব্যাংক পিএলসি আনসারদের দায়িত্ব পালনের বিপরীতে সরকারি আদেশ মোতাবেক আনসার-ভিডিপি কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সর্বশেষ আদেশ/নির্দেশনা অনুযায়ী বেতন ও ভাতা পরিশোধ করতে বাধ্য থাকবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CS CamScanner

Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৳৫০. ৳৫০
পঞ্চাশ টাকা
কপ ৫০৩৯০৪৮

❖ নিম্নলিখিত শর্তাবলী অনুসরণ করে উভয় পক্ষ কর্তৃক দায়ভার গ্রহণের মাধ্যমে উপরোক্ত উদ্দেশ্য সম্পন্ন করা হবে:

১. <u>দায়িত্ব পালনের ক্ষেত্র:</u>

ক) আনসার ভিডিপি কর্তৃপক্ষ সোনালী ব্যাংক পিএলসি এর প্রয়োজন অনুসারে ব্যাংকের শাখা, উপশাখা, কার্যালয়, এটিএম বুথ, গাড়ি পার্কিং, সোনালী ব্যাংক স্টাফ কলেজ, সোনালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, ব্যাংকের অফিসার্স ও স্টাফ কোয়ার্টার, আবাসিক এলাকা, প্লেজ গোডাউন এলাকাসহ অন্যান্য স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য আনসার সদস্য মোতায়েন/অঙ্গীভূত করবে।

২. <u>জনবল (শাখা বা কার্যালয়ের প্রয়োজন মোতাবেক):</u>

ক) সশস্ত্র আনসারের ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) জন আনসার অনধিক ০২ (দুই) টি অস্ত্রসহ মোতায়েন করতে হবে। যার মধ্যে ০১ (এক) জন এপিসি পদ মর্যাদার হতে হবে।

খ) নিরস্ত্র আনসারের ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) জনকে একটি শাখা/উপশাখা/এটিএম বুথ/কার্যালয়ে নিয়োজিত করা যাবে। নিরাপত্তা দায়িত্ব পালনে তারা ব্যাংকের অস্ত্র ব্যবহার করবে না।

গ) ব্যাংকের শাখা/কার্যালয়ে ডিউটিরত অস্ত্র ব্যতিত অতিরিক্ত অস্ত্র ও তার সম্পৃক্ত গুলিসমূহ সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে অথবা একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করার মাধ্যমে ব্যাংকের ভল্টে অস্ত্র ও গুলি রাখার ব্যবস্থা করতে হবে।

ঘ) সোনালী ব্যাংক পিএলসি এর শাখা/প্রধান কার্যালয়ের চাহিদা বিবেচনায় নিয়ে নিরাপত্তা বিশ্লেষণ ও জরিপের মাধ্যমে আনসার কর্তৃপক্ষ ও সোনালী ব্যাংক পিএলসি সমন্বিতভাবে ন্যূনতম সংখ্যার অতিরিক্ত জনবলের সংখ্যা নির্ধারণ করবে।

ঙ) আনসার সদস্য সংখ্যা নির্ধারণে সোনালী ব্যাংক পিএলসি এর যৌক্তিক মতামত বিবেচিত হবে।

চ) ব্যাংকের শাখা, উপশাখা, কার্যালয়, এটিএম বুথ, প্লেজ গোডাউন, গাড়ি পার্কিং ব্যতিত অন্যান্য স্থাপনা যেমন, সোনালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, ব্যাংকের অফিসার্স ও স্টাফ কোয়ার্টার, আবাসিক এলাকা, ব্যাংকের নিকট বন্ধকীকৃত সম্পত্তির বা স্থাপনার নিরাপত্তা বিধানের নিমিত্ত ব্যাংক কর্তৃপক্ষের বৈধ মালিকানা নিশ্চিত হওয়া সাপেক্ষে অঙ্গীভূত আনসার গার্ড অনুমোদন, প্রশাসন ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ পূর্বক প্রয়োজনীয় সংখ্যক আনসার মোতায়েন করতে হবে (সশস্ত্র গার্ডের ক্ষেত্রে ন্যূনতম ১০ জন এবং নিরস্ত্র গার্ডের ক্ষেত্রে ন্যূনতম ০৬ জন)।

৩. <u>আর্থিক বিষয়াদি:</u>

ক) সময়ে সময়ে সরকারী আদেশ মোতাবেক আনসার কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সর্বশেষ আদেশ/নির্দেশনা অনুযায়ী সোনালী ব্যাংক পিএলসি কর্তৃক মাসিক বেতন ও ভাতাসমূহ পরিশোধ করা হবে। মাসিক বেতন ও ভাতাসমূহ যথাসময়ে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/ জোন অধিনায়ক/ ওআইসি এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কপ ৫০৩৯০৪৯

খ) সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ আনসারদের মাসিক বেতন ও ভাতার সাথে আনুষঙ্গিক ভাতা প্রদান করবে (সশস্ত্র আনসার গার্ডের ক্ষেত্রে দৈনিক ভাতার ২০% হারে, নিরস্ত্র আনসার গার্ডের ক্ষেত্রে ১৫% হারে অথবা সময়ে সময়ে সরকারী আদেশ মোতাবেক আনসার কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা অনুযায়ী)।

গ) সমঝোতা স্মারকের অধীনে অঙ্গীভূত সকল আনসার সদস্যকে সরকারী আদেশ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি সাপেক্ষে সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ আনসারদের স্ব স্ব ধর্মীয় উৎসব অনুসারে বছরে দুটি বোনাস/উৎসব ভাতা (প্রতিটি বোনাস ১ মাসের দৈনিক ভাতার সমপরিমাণ অথবা ১২,০০০/- টাকার মধ্যে যেটি কম) এবং সরকারী আদেশ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি সাপেক্ষে ১টি বৈশাখী ভাতা (১ মাসের দৈনিক ভাতার ২০% সমপরিমাণ) প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

৪. আবাসন সংক্রান্ত:

ক) সোনালী ব্যাংক পিএলসি শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং এলাকাসমূহে নিয়োজিত আনসার সদস্যদের মানসম্মত আবাসন এবং জ্বালানীসহ রান্নার সুব্যবস্থা করবে। ব্যাংক কর্তৃপক্ষের নিজস্ব আবাসন ও জ্বালানীসহ রান্নার সুব্যবস্থা না থাকলে আনসার সদস্যদেরকে আবাসন ভাতা জনপ্রতি ২,৪০০/- (দুই হাজার চারশত) টাকা এবং রান্নার জ্বালানী বাবদ ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা মোট ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা হারে মাসিক ভাতা প্রদান করবে।

খ) সোনালী ব্যাংক পিএলসি এর নিকটবর্তী/কাছাকাছি শাখা সমূহের অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য দায়িত্ব পালনের সুবিধার্থে একটি নির্দিষ্ট জায়গায় অবস্থান এর ব্যবস্থা করতে পারবে। সেক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ যানবাহনের ব্যবস্থা/যাতায়াত ভাতা প্রদান করবে।

গ) ব্যাংক কর্তৃপক্ষ শাখা/কার্যালয় এর অভ্যন্তরে আনসার সদস্যদের থাকার (চারপায়া ও অন্যান্য সুবিধাসহ) ব্যবস্থা করতে পারবে এবং আবাসন স্থলে জ্বালানীসহ রান্নার সুব্যবস্থা না থাকলে জ্বালানী বাবদ জনপ্রতি ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা ব্যাংক কর্তৃপক্ষ প্রদান করবে।

৫. বদলী ও ছুটি:

ক) অঙ্গীভূত আনসার সদস্যদের বদলী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষ কর্তৃক আনসারদের বদলী বিধি অনুযায়ী পরিচালিত হবে। এক্ষেত্রে সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষের আবেদন (সংশ্লিষ্ট জেলা/জোন অভ্যন্তরে) স্থানীয় আনসার কর্তৃপক্ষ অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনায় নিবেন।

খ) আনসার নীতিমালা অনুযায়ী এবং শাখা কর্তৃপক্ষকে অবগত করে ০১ (এক) জন আনসার বছরে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) দিন ছুটি ভোগ করতে পারবেন, যা আনসার কর্তৃপক্ষ অনুমোদন ও তদারক করবে। একজন অঙ্গীভূত আনসার সদস্য শাখা কর্তৃপক্ষের সুপারিশক্রমে একবারে সর্বোচ্চ ০৮(আট) দিনের ছুটি ভোগ করতে পারবেন। তবে জরুরী পরিস্থিতিতে সোনালী ব্যাংক এর চাহিদা বিবেচনা করে আনসার কর্তৃপক্ষ এ ছুটি বাতিল/হ্রাস করতে পারবেন। আনসার কর্তৃপক্ষ আনসার সদস্যদের বাৎসরিক ৫০ (পঞ্চাশ) দিনের ছুটি প্রদান নিশ্চিত করবেন। তবে ছুটি ভোগকালীন শাখার নিরাপত্তার দিকটি সর্বোচ্চ বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কপ ৬৯৭১০২০

গ) বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে (জাতীয় নির্বাচন, দুর্যোগকালীন সময় ও অন্যান্য) রাষ্ট্রীয় প্রয়োজনে সোনালী ব্যাংক এর সার্বিক নিরাপত্তা নিশ্চিতপূর্বক আনসার সদস্যদের (মোট জনবলের অনধিক ২৫%) সাময়িকভাবে মোতায়েন করা যাবে। এসময় আনসার ও সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন। রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রেও আনসার সদস্যগণ সোনালী ব্যাংক পিএলসি থেকে বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

ঘ) কোন আনসার সদস্য জেলার অন্য কোন সংস্থা বা সোনালী ব্যাংকের অন্য কোন শাখা হতে বদলী হয়ে আসলে বদলীকৃত আনসার সদস্য পূর্বের কর্মস্থল হতে ঐ বছরের প্রাপ্য ও ভোগকৃত ছুটির হিসাবের প্রত্যয়ন নিয়ে আসবে।

৬. <u>দায়িত্ব পালনের ধরণ:</u>

ক) অঙ্গীভূত আনসার সদস্যগণ কেবলমাত্র নিরাপত্তা বিষয়ক দায়িত্ব পালন করবে।

খ) অঙ্গীভূত আনসার সদস্যগণ তাদের উপরে অর্পিত দায়িত্ব নির্ধারিত এলাকার মধ্যে পালন করবে এবং সোনালী ব্যাংক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষের সাথে সমন্বয় ব্যতীত দায়িত্বপূর্ণ এলাকার কোন পরিবর্তন করবে না।

গ) অঙ্গীভূত আনসার সদস্যগণ তাদের উপস্থিতি নিশ্চিতে সোনালী ব্যাংক পিএলসি এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট রক্ষিত দৈনিক হাজিরা খাতায় স্বাক্ষর করবেন এবং প্রদত্ত রোষ্টার অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

ঘ) অঙ্গীভূত আনসার সদস্যগণ তার দায়িত্বপূর্ণ এলাকার মধ্যে সর্বোচ্চ সতর্কতা, নিষ্ঠা, সততা ও আন্তরিকতার সাথে সকল প্রকার ব্যক্তি/জানমাল/সম্পদের সুরক্ষা প্রদান করবে।

ঙ) কারো দ্বারা ব্যাংকের ক্ষতি সাধিত হয়েছে বা হচ্ছে এমন অপরাধী/দোষী ব্যক্তিকে আটক করে পুলিশে সোপর্দ করার জন্য আনসার সদস্যগণকে সোনালী ব্যাংক কর্তৃপক্ষ নির্দেশ দিতে পারবেন।

চ) ব্যাংকের আন্তঃ শাখায় বা সোনালী ব্যাংক পিএলসি/বাংলাদেশ ব্যাংকের শাখায় নিয়মিত নগদ অর্থ স্থানান্তর/বহন/প্রদান করা হয়। নগদ অর্থ স্থানান্তর/বহন/প্রদানের সময় প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র অঙ্গীভূত আনসার এবং ব্যাংকের নিরাপত্তা কর্মীর সমন্বয়ে দল গঠন পূর্বক উপযুক্ত ব্যাংক কর্মকর্তার তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে (বেসরকারী নিরাপত্তা সেবা বিধিমালা-২০০৭ অনুযায়ী)।

৭. <u>গুলি বর্ষণ ও মামলা সংক্রান্ত:</u>

ক) ব্যাংকের স্বার্থ রক্ষার্থে অথবা আত্মরক্ষার্থে প্রয়োজনে মোতায়েনকৃত আনসার সদস্য ফাঁকা গুলি করতে পারবে। এ ব্যাপারে সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ ঘটনার বাস্তবতা এবং প্রয়োজনীয়তা নিরীক্ষান্তে সব ধরণের সহায়তা প্রদান করবে। ব্যাংক কর্তৃপক্ষের মৌখিক/লিখিত আদেশ ব্যতিত আনসার সদস্যগণ গুলি ছুড়বেন না।

খ) সোনালী ব্যাংক পিএলসিতে অঙ্গীভূত অবস্থায় কোন আনসার সদস্য নিয়মের মধ্যে থেকে অর্পিত দায়িত্ব পালন জনিত কারণে কোন দেওয়ানী/ফৌজদারী মামলায় সম্পৃক্ত হলে সোনালী ব্যাংক পিএলসি প্রকৃত আর্থিক ব্যয়ভার বহনসহ সর্বোতভাবে সহায়তা প্রদান করবে। তবে অংগীভূত আনসার সদস্যের দায়িত্ব পালনের অবহেলা জনিত কারণে ফৌজদারী মামলায় সম্পৃক্ত হলে সোনালী ব্যাংক পিএলসি আর্থিক ব্যয়ভার বহন করবে না।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কপ ৬৯৭১০২১

গ) কোন আনসার সদস্যের বিরুদ্ধে কোন প্রকার অনৈতিক/অবৈধ/শৃঙ্খলা বহির্ভূত কার্যকলাপের অভিযোগ পাওয়া গেলে অথবা কোন আনসার সদস্য দ্বারা ফৌজদারী অপরাধ সংঘটিত হলে আনসার কর্তৃপক্ষ অতি দ্রুত ঐ সদস্যকে ঐ স্থান হতে প্রত্যাহার করে নিজস্ব জিম্মায় নিবে। অতঃপর তদন্ত সাপেক্ষে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. প্রশিক্ষণ সংক্রান্ত:

ক) সোনালী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ আনসার সদস্যদের ব্যাংকিং নিরাপত্তা ও পরিচিতি বিষয়ের উপর ন্যূনতম ১৫ দিনের "ইন সার্ভিস" প্রশিক্ষণের আয়োজন করবে।

খ) মোতায়েনকৃত আনসার সদস্যদের বাৎসরিক ফায়ারিং/প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য আনসার কর্তৃপক্ষ ব্যাংকের নিরাপত্তা বিঘ্নিত না করে সমন্বয় পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে সোনালী ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা করবে।

৯. বর্জনীয়:

ক) মোতায়েনকৃত আনসার সদস্য শাখার কোন প্রকার চাবি (যেমন ভল্ট রুম/ভল্ট/ক্যাশ কাউন্টার ইত্যাদি) বহন করতে পারবে না।

খ) মোতায়েনকৃত আনসার ব্যাংকের আমানতকারী/ঋণ গ্রহীতাদের নিকট হতে বা অন্য কোন উৎস হতে শাখার পক্ষে কোন প্রকার অর্থ গ্রহণ/প্রদান করতে পারবে না।

গ) মোতায়েনকৃত আনসার সদস্যগণ সোনালী ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত নিরাপত্তা দায়িত্ব ব্যতীত অন্য কোনো দায়িত্ব পালনে (যেমন-চা আনা, ঝাড়ু দেয়া, টাকা জমা/উত্তোলন, ব্যক্তিগত দায়িত্ব পালন ইত্যাদি) সংশ্লিষ্ট হবেন না।

১০. গার্ড প্রত্যাহার:

ক) কোন শাখা বা কার্যালয় হতে আনসার গার্ড স্থায়ীভাবে প্রত্যাহারের ক্ষেত্রে সোনালী ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক ন্যূনতম ০৩ (তিন) মাস পূর্বে লিখিতভাবে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/ জোন অধিনায়ক/ ওআইসি/ অধিনায়ক, বিমানবন্দর আনসার ফোর্স এর নিকট প্রত্যাহারের আবেদন করতে হবে।

খ) আনসার কর্তৃপক্ষ কর্তৃক যে কোন প্রয়োজনে আনসার গার্ড স্থায়ীভাবে প্রত্যাহারের পূর্বে প্রতিস্থাপকের নিয়োগ/যোগদান নিশ্চিত করতে হবে।

১১. বিবিধ:

ক) মহিলা আনসার সদস্যদের নিরাপত্তা ও যাতায়াতের বিষয় বিবেচনায় নিয়ে কেবলমাত্র দিনের বেলায় মোতায়েন করা যাবে।

খ) সোনালী ব্যাংক পিএলসিতে নিয়োজিত আনসার সদস্য এবং ব্যাংকের নিজস্ব গার্ডদের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানে বলবৎ সম্পূর্ণ ভিন্ন আচরণ বিধি প্রযোজ্য হবে, যাতে দুই পক্ষের মধ্যে কোন ভুল বুঝাবুঝির উপক্রম না হয়।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কপ ৬৯৭১০২২

গ) সোনালী ব্যাংক কর্তৃপক্ষ এবং আনসার কর্তৃপক্ষের মধ্যে সমন্বয়করণ/যোগাযোগের জন্য আনসার দপ্তর কর্তৃক একজন লিয়াজোঁ অফিসার নিয়োগ করা হবে যার পদ মর্যাদা থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা কিংবা সমমান হবে এবং তার বেতন ভাতাদি আনসার কর্তৃপক্ষ পরিশোধ করবে।

ঘ) আনসার কর্তৃপক্ষ সর্বশেষ অঙ্গীভূতকরণ নীতিমালা অনুযায়ী আনসার সদস্য নিয়োগ করে সোনালী ব্যাংকে অঙ্গীভূত করবেন। সোনালী ব্যাংক পিএলসি এর চাহিদার প্রেক্ষিতে সোনালী ব্যাংক এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য অঙ্গীভূত করা হবে।

ঙ) সোনালী ব্যাংক উপযুক্ত কারণ উল্লেখ করে কোনো আনসার সদস্যকে পরিবর্তন/বদলীর জন্য প্রস্তাবনা দিলে তা গুরুত্বের সাথে বিবেচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) আনসার কর্তৃপক্ষ অঙ্গীভূত আনসার সদস্যদের যাবতীয় তথ্যাবলী যাচাইপূর্বক সংরক্ষণ করবে। আনসার সদস্যগণ পূর্নাঙ্গ জীবন বৃত্তান্ত ও জাতীয় পরিচয়পত্রসহ ব্যাংকে যোগদান করবে।

ছ) অঙ্গীভূত আনসার সদস্যগণ সোনালী ব্যাংক পিএলসি এর আইনসঙ্গত আদেশ মান্য করবে এবং এর ব্যত্যয় আমলযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত বা গণ্য হবে।

জ) দায়িত্ব পালনকালীন প্রত্যেক অঙ্গীভূত আনসার সদস্য যথাযথভাবে ইউনিফর্ম পরিধানসহ আনসার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্মার্টকার্ড নিজের সাথে বহন নিশ্চিত করবে।

❖ <u>মোতায়েন:</u>

সমঝোতা স্মারক সমগ্র বাংলাদেশে আনসার অঙ্গীভূতকরণের (শাখা, উপশাখা, কার্যালয়, এটিএম বুথ, গাড়ি পার্কিং এলাকাসমূহের নিরাপত্তা) জন্য প্রযোজ্য হবে।

❖ <u>সহযোগিতা:</u>

জেলা/জোন পর্যায়ে যে কোন বিষয় মীমাংসা করার জন্য সোনালী ব্যাংক পিএলসি এর এরিয়া প্রধান/শাখা ব্যবস্থাপক, আনসার এর থানা/উপজেলা আনসার ভিডিপি কর্মকতা সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক/ওআইসি এর সাথে সমন্বয় করবেন। কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে।

❖ <u>বিবাদ মীমাংসা:</u>

সোনালী ব্যাংক পিএলসি এবং আনসার এর মধ্যে কোন বিবাদ উদ্ভব হলে বিষয়টি দ্বি-পাক্ষিক আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে। যদি নিষ্পত্তি না হয় তাহলে উভয় পক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষের সহায়তায় তা সমাধান করা হবে।

❖ <u>মেয়াদ:</u>

(১) অত্র সমঝোতা স্মারক পক্ষদ্বয়ের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাদের স্বাক্ষরে অদ্য ২৮.০৪.২০২৫ খ্রিঃ তারিখে সম্পাদন করা হল। যা ০৬.০৩.২০২৪ খ্রিঃ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য কার্যকর বা বলবৎ থাকবে। পারস্পারিক সম্মতির মাধ্যমে মেয়াদ পুর্তির পূর্বে এ সমঝোতা স্মারক (MoU) বাতিল করা যাবে। এক্ষেত্রে ০৩ মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে জানাতে হবে।

(২) স্মারকে উল্লেখিত পক্ষদ্বয়ের অনুমোদিত বা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার পারস্পারিক সম্মতির মাধ্যমে সমঝোতা স্মারকের শর্তাবলী পরিবর্তন ও পরিবর্ধন করা যাবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner
Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কপ ৬৯৭১০২৩

(৩) সোনালী ব্যাংক পিএলসি এর প্রয়োজনে এবং উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদান্তে পরবর্তী মেয়াদের জন্য অত্র সমঝোতা স্মারক (MoU) নবায়ন করা যাবে। পরবর্তী মেয়াদে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হলে, চুক্তি বলে কার্যক্রম চলমান থাকবে।

(৪) পক্ষগণের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের পারস্পারিক সমঝোতার মাধ্যমে স্মারকটি নবায়িত না হলে স্মারক চুক্তির মেয়াদান্তে অর্থাৎ ২০২৭ সালের মার্চ মাসের ০৫ তারিখ শেষে উহা বাতিল বলে গণ্য হবে।

(৫) দুই কপি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হল। প্রত্যেক পক্ষ ০১ (এক) কপি স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) বুঝে নিলেন।

প্রথম পক্ষ
(বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী)

২৮/৪

মোঃ আব্দুল মজিদ
বিএভি-১২০০৭৪
পরিচালক (অঙ্গীভূতকরণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্বাক্ষীঃ

28.04.25

১) মেহেনাজ তাবাসসুম রেবিন, বিএএমএস
বিএভি-১২০১৪৫
উপপরিচালক (কেপিআই)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২৮/০৪/২৫

২) মোঃ তরিকুল ইসলাম
বিএভি-১২০২৬৮
সহকারী পরিচালক (অপারেশন)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

দ্বিতীয় পক্ষ
(সোনালী ব্যাংক পিএলসি)

28.04.25

সুভাষ চন্দ্র দাস, এফসিএমএ, এফসিএ
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষীঃ

28.04.2025

১) মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী
জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

২৮/০৪/২০২৫

২) মোঃ সরওয়ার আবেদীন
ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner
Scanned with OKEN Scanner